

নির্বাচন ২০১৫-র তারিখগুলো মনে রাখুন

আগস্ট ২১	প্রাইমারী নির্বাচনে ভোট দানে নিবন্ধনের শেষ সময়
সেপ্টেম্বর ১৫	প্রাইমারী নির্বাচনের দিন
অক্টোবর ৯	সাধারণ নির্বাচনে ভোট দানের জন্য নিবন্ধনের শেষ সময়
নভেম্বর ৩	সাধারণ নির্বাচনের দিন

নির্বাচনের দিন সকাল ৬টা – রাত ৯ পর্যন্ত ভোট কেন্দ্র সমূহ খোলা থাকবে।
তারিখগুলো পরিবর্তন যোগ্য।

নিবন্ধন ও ভোট দান সংক্রান্ত আরো তথ্যের জন্য দেখুন www.nycffb.info বা BOE-র ভোটার হটলাইন 212-VOTE-NYC (212-868-3692)-এ ফোন করুন। ভোটার নিবন্ধন অভিযানে কোনো সাহায্যের জন্য ইমেইল করুন nycvotes@nycffb.info বা 212-409-1800 –এ ফোন করুন।

২০১৫-র ব্যালটের অফিসগুলো

ডিসট্রিক্ট এটার্নি – ব্রঙ্কস, কুইনস, রিইচমন্ড কাউন্টি

স্টেট সংবিধানের ১৩ নং ধারার ১৩ নং অনুচ্ছেদ অনুসারে, ডিসট্রিক্ট এটার্নি প্রতি চার বছর অন্তর নির্বাচিত হবেন। ৯২৭ অনুচ্ছেদে ডিসট্রিক্ট এটার্নিদেরকে তাঁদের নিজস্ব কাউন্টিগুলোর অপরাধ তদন্ত এবং বিচার করে জনগণের নিরাপত্তা বিধান করার দায়িত্ব অর্পণ করেছে।

(সোর্স: <http://a856-gbol.nyc.gov/gbolwebsite/262.html>)

বিচারক – সুপ্রীম কোর্ট

সুপ্রীম কোর্ট, একটি স্টেটব্যাপী কোর্ট, সাধারণতঃ নিম্ন আদালতের ক্ষমতার বহির্ভূত মামলাগুলিকে বিচার করে, যেমন \$২৫,০০০-এর অধিক দেওয়ানী মামলা, এবং তালাক, বিচ্ছেদ ও রদ প্রক্রিয়ার মামলা, এবং (নিউ ইয়র্ক সিটিতে) গুরুতর অপরাধের মামলা। সুপ্রীম কোর্টের বিচারকরা ১৪ বছরের মেয়াদের জন্য নির্বাচিত হয়ে থাকেন।

বিচারক - সিভিল কোর্ট

নিউ ইয়র্ক সিটির সিভিল কোর্ট \$ ২৫,০০০ পর্যন্ত দাবীকৃত মামলার সুরাহা করে থাকে। সিটি কোর্টের আওতার মধ্যে আছে \$ ৫০০০ পর্যন্ত অল্প অনানুষ্ঠানিক ক্ষতিপূরণের দাবি, বাড়িওয়ালার – ভাড়াটিয়াদের আবাসিক সংক্রান্ত এবং আবাসন সংক্রান্ত আইন লঙ্ঘনের আইনি প্রকৃয়া। সুপ্রীম কোর্ট প্রেরিত অন্যান্য সিভিল বিষয়ও এই কোর্ট পরিচালনা করে। নিউ ইয়র্ক সিটির সিভিল কোর্টের বিচারকরা ১০ বছরের মেয়াদের জন্য নির্বাচিত হন। আবাসন সংক্রান্ত বিচারক ৫ বছরের মেয়াদের জন্য প্রধান প্রশাসনিক বিচারক দ্বারা নিয়োগ প্রাপ্ত হন।

(সোর্স: <https://www.nycourts.gov/vote/>)

বিশেষ নির্বাচন – ৫ই মে ২০১৫

কংগ্রেস – ডিসট্রিক্ট ১১

মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান অনুযায়ী, হাউজ অফ রিপ্রেসেন্টেটিভ, ফেডারেল আইন প্রণয়ন ও পাস করবেনা এই হাউজ দু'কক্ষ বিশিষ্ট কংগ্রেসের একটি (অন্যটি হল ইউ. এস. সিনেট) এবং কেন্দ্রীয় সরকারের আইন প্রণয়নের একটি অংশ। আইনত নির্দিষ্ট করা আছে যাতে হাউজের ভোটিং সদস্যদের সংখ্যা ৪৩৫-এর বেশী না হয়, যাতে ৫০টি স্টেটের জন সংখ্যার আনুপাতিক হারে প্রতিনিধিত্ব জারি থাকে। তাঁরা কংগ্রেসম্যান বা কংগ্রেসওম্যান হিসাবেও পরিচিত, প্রত্যেক প্রতিনিধি নির্দিষ্ট কংগ্রেসনাল ডিসট্রিক্টের জনগণ দ্বারা ২ বছরের মেয়াদের জন্য নির্বাচিত হয়ে থাকেনা। অন্যান্য দায়িত্বের সাথে প্রতিনিধিরা বিল উত্থাপন, সমাধান, সংশোধনী প্রদান এবং কমিটির সদস্য হিসাবে কাজ করেন। প্রতিনিধিত্বের সংখ্যা স্টেটের জনসংখ্যার অনুপাতে নির্ধারিত হয়ে থাকে।

(সোর্স: <http://www.house.gov/content/learn/>)

এসেম্বলি – ডিসট্রিক্ট ৪৩

এসেম্বলি ১৫০ আসন বিশিষ্ট, এঁদের মধ্যে ৬৫ জন নিউ ইয়র্ক সিটির দলগুলোর প্রতিনিধিত্ব করেন। আইন প্রণয়নের ক্ষেত্রে সিনেটের সদস্যদের মত সমান ক্ষমতা এসেম্বলির সদস্যদের আছে। এসেম্বলি, বিল উত্থাপন এবং সিনেটে অনুমোদিত বিল পাস করে। গভর্নরের স্বাক্ষর বা ভেটো প্রদানের জন্য প্রেরণের পূর্বে উভয় কক্ষ থেকে বিলটি অনুমোদিত হতে হবে।

এসেম্বলির সদস্যরা দু'বছরের মেয়াদের জন্য নির্বাচিত হন এবং \$ ৭৯,৫০০ বাৎসরিক বেতন পান। এসেম্বলির স্পীকার বাৎসরিক অতিরিক্ত \$ ৪১,৫০০ পান।

বিশেষ নির্বাচনের তারিখগুলো মনে রাখুন

এপ্রিল ১০	বিশেষ নির্বাচনে ডাকযোগে নিবন্ধনের শেষ তারিখ (এপ্রিল ১৫-র মধ্যে পৌঁছাতে হবে)
এপ্রিল ২৫	বিশেষ নির্বাচনের ভোটার নিবন্ধনের শেষ তারিখ
এপ্রিল ২৮	বিশেষ নির্বাচনে এবসেন্টি ব্যালটের আবেদন পত্র ডাকযোগে বা লিখিত অনুরোধ করার শেষ তারিখ (মে ৪-এর মধ্যে পৌঁছাতে হবে)
মে ৪	বিশেষ নির্বাচনে এবসেন্টি ব্যালট ডাকযোগে পাঠানোর শেষ তারিখ (১২ই মে-র মধ্যে পৌঁছাতে হবে)
মে ৫	বিশেষ নির্বাচনের দিন